52

দৈনিক বাংলা

তারিখ 24 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

# ঢাকা ভার্সিটিতে চুরি যাওয়া হাজিরা খাতার সন্ধান চলছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের হাজিরা খাতা চুরির ব্যাপারে কর্তৃপক্ষ ব্যাপক অনুসন্ধান শুরু করেছেন। ইতিমধ্যে এর সঙ্গে জড়িত থাকার ব্যাপারে কর্তৃপক্ষ কয়েকজনকে সনাক্ত করতে পেরেছেন বলে একটি সূত্রে জানা গেছে। এদের সবাই বিশ্ববিদ্যালয়ের অনিয়মিত ছাত্র। তবে তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ এখনও পাওয়া যায়নি।

এদিকে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

বিভাগের শিক্ষকগণ কোন অঘটন যাতে না ঘটে সেজন্যও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে নিরাপত্তার প্রশ্নে আরো কঠিন হতে বলেছেন।

বিশ্ববিদ্যালয়ের একটি সূত্রে জানা গেছে, সকল বিভাগেই এ ধরনের অনিয়মিত ছাত্র রয়েছে। বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক জানান, এদের বেশীর ভাগই পিওনদের মাধ্যমে হাজিরা খাতা নিয়ে উপস্থিতি বাড়িয়ে দেয়। এই সূত্র বলেন, ইতিহাস বিভাগের খাতা চুরির সাথে জড়িতদের সনাক্ত ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত না হলে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটতে পারে।

এদিকে ইতিহাস বিভাগের চুরি হওয়া হাজিরা খাতার যদি সন্ধান না মেলে তবে বাকি যেসব খাতা রয়েছে তা দিয়ে ছাত্রছাত্রীদের উপস্থিতি ও অনুপস্থিতি মূল্যায়ন করা হবে বলে ইতিহাস বিভাগের প্রফেসর মোমীন চৌধুরী জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেন, খুব শীঘ্রই তারা খাতা চুরির সাথে জড়িতদের সনাক্ত করতে সক্ষম হবেন। তিনি বলেন, এ ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে, সেইজন্য দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রফেসর এমাজউদ্দীন আহমেদ বলেন, সুনির্দিষ্টভাবে অভিযোগ প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় থেকে তাদেরকে বহিষ্কার করা হবে।